

الْمَانِع

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৯০ তম নাম ‘الْمَانِع’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْمَانِع’ শব্দের মূল ع - ن - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৭ বার এসেছে। বাঁধা দেয়া, বাধা দানকারী, আটকানো, ক্ষতি নিধনকারী, ক্ষতি নিবারক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمَانِع অর্থ: ‘তিনি ক্ষতি নিবারক, নিধনকারী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

هُوَ الَّذِي أَخْرَجَ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ مِنْ دِيَارِهِمْ لِأَوَّلِ الْحَشْرِ مَا ظَنَنْتُمْ أَنْ يَخْرُجُوا وَظَنُّوا أَنَّهُمْ مَانِعَتُهُمْ حُصُونُهُمْ مِنَ اللَّهِ فَأَتَاهُمُ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا وَقَذَفَ فِي قُلُوبِهِمُ الرُّعْبَ يُخْرِبُونَ بُيُوتَهُمْ بِأَيْدِيهِمْ وَأَيْدِي الْمُؤْمِنِينَ فَاعْتَبِرُوا يَا أُولِيَ الْأَبْصَارِ ﴿٢﴾

তিনিই আহলে কিতাবের কাফিরদের (বনু নাজিরের ইহুদিদের) বের করে দিয়েছেন তাদের আবাস থেকে প্রথমবার সমবেত ভাবে। তারা বেরিয়ে যাবে বলে তো তোমরা কল্পনাও করো নি। আর তারা মনে করেছিল, তাদের দুর্গগুলো রক্ষা করবে আল্লাহর পাকড়াও থেকে। কিন্তু আল্লাহ তাদের এমন দিক থেকে শাস্তি দিলেন, যা ছিল তাদের কল্পনারও বাইরে। আর তাদের অন্তরে সঞ্চার করে দিয়েছিলেন ভীতি। তারা নিজেদের হাতেই নিজেদের ঘর বাড়ি ধ্বংস করে ফেলেছিল এবং মুসলিমদের হাতেও। সুতারাং উপদেশ গ্রহণ করো চক্ষুমান ব্যক্তিরা। (সূরা আল হাশর: আয়াত নং ২)

বুখারী শরীফের হাদীস:

রাসূল সা: বলেছেন: আল্লাহ বলেন:

إذا تقرب العبد إلي شبرا تقربت إليه ذراعا، وإذا تقرب إلي ذراعا تقربت منه باعا، وإذا أتاني يمشي أتيته هرولة -

বান্দাহ যখন আধ হাত আমার দিকে এগিয়ে আসে, আমি তার দিকে এক হাত এগিয়ে যাই। আর যখন সে আমার দিকে এক হাত এগিয়ে আসে, আমি তার দিকে দুই হাত এগিয়ে যাই। আর যখন সে আমার দিকে হেঁটে আসে, আমি তার দিকে দৌড়িয়ে যাই।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! দুনিয়ার সমস্ত লোক যদি আমার আপনার ক্ষতি করতে চায় কিন্তু আল্লাহ যদি না চান তবে তারা আপনার আমার কোন ক্ষতি করতে পারবে না। দুনিয়ার সমস্ত লোক যদি আমার আপনার উপকার করতে চায় কিন্তু আল্লাহ যদি না চান তবে তারা আপনার আমার কোনো উপকার করতে পারবে না।

আমরা যদি সৎভাবে জীবন যাপন করি তবে দুস্মন ও শত্রুর হাত থেকে আল্লাহ আমাদেরকে রক্ষা করবেন। কোরআন মজীদে আল্লাহ বহু ঘটনা উল্লেখ করেছেন যে, তিনি দুনিয়ার জীবনে ঈমানদারদের ও সৎকর্মশীলদের রক্ষা করেছেন কাফের মুশরিকদের হাত থেকে।

হে আল্লাহ! শিরকমুক্ত ভাবে ঈমানদার ও সৎকর্মশীল হওয়ার তৌফিক আমাদেরকে দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।